

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
এফএন্ডএমআইএস
পরিসংখ্যান ভবন, আগারগাও, ঢাকা
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৪.২৯.৩২০.১৯-২৫১৪


তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭ ব.
১৫ অক্টোবর ২০২০ খ্রি.

অফিস আদেশ

সরকারি সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কতৃক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করা হয়েছে যা বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। কর্মপরিকল্পনার ১২.১.১ সূচকে বর্ণিত কার্যক্রম হিসেবে সেবা পদ্ধতি সহজিকরণের জন্য একটি সেবাকে চিহ্নিত করা হয়েছে।

বিবিএস এর মাঠ পর্যায়ে চলমান বিভিন্ন জরিপ ও শুমারির খবর বিবিএস এবং বিভাগ এর ওয়েবসাইটে প্রচার না থাকার কারণে তথ্য সংগ্রহের ক্ষেত্রে কিছু বাধার সৃষ্টি হয়। তথ্য দাতাদের সন্দেহ ও অবিশ্বাস দূর করার জন্যে আই.ডি কার্ড ও অফিস আদেশ দেখানো পরবর্তীতে কেউ কেউ সরকারি ওয়েবসাইটে এই সংক্রান্ত নোটিশ দেখতে চায়। এক্ষেত্রে মাঠ পর্যায়ে বিভিন্ন জরিপ ও শুমারি চলাকালে জরিপ ও শুমারির খবর ওয়েবসাইটে প্রচারের মাধ্যমে দাপ্তরিক সেবা সহজিকরণের উদ্যোগ নেওয়া জরুরি। উক্ত দাপ্তরিক সেবা বাস্তবায়িত হলে তথ্য সংগ্রহের ক্ষেত্রে বিব্রতকর পরিস্থিতি কমিয়ে আনা, বিবিএস সম্পর্কে তথ্য দাতাদের স্বচ্ছ ধারণা প্রদান ও সঠিক তথ্য প্রাপ্তি অনেকটা সহজ হবে।

সেবাটি সহজিকরণসহ পাইলটিং হিসেবে বাস্তবায়নের জন্য বিবিএস এর বিভিন্ন জরিপ ও শুমারি যতদিন মাঠ পর্যায়ে চলমান থাকবে ততদিন বিবিএস এর ওয়েবসাইটে প্রচার করার জন্য বিবিএস এর ইনোভেশন টিম এবং কম্পিউটার উইং এর সেবা সংশ্লিষ্ট শাখাকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।


আবুল কালাম আজাদ
পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা
ফোন-৫৫০০৭০১০
ইমেইল-azadbbs@yahoo.com

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১) পরিচালক, এফএন্ডএমআইএস, বিবিএস
- ০২) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস (ওয়েবসাইট শাখাকে অবহিতকরণের অনুরোধসহ)
- ০৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ০৪), সদস্য, ইনোভেশন টিম, বিবিএস
- ০৫) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর
- ০৬) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর